

বাংলাদেশ **জার্নাল**

# সিমাগো ইনস্টিটিউটের তালিকায় দেশ সেরা বশেমুরকৃবি

প্রকাশ | ২০ এপ্রিল ২০২১, ২০:৩৮



নিজস্ব প্রতিবেদক



ফাইল ছবি

আন্তর্জাতিক মানদণ্ডে বাংলাদেশের সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে গবেষণা, উদ্ভাবন ও সামাজিক অবস্থানে গাজীপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় (বশেমুরকৃবি) প্রথম স্থান অর্জন করেছে।

সোমবার বিশ্বখ্যাত সিমাগো ইনস্টিটিউট র‍্যাংকিং ২০২১ প্রতিবেদনে দেশের শীর্ষস্থান অর্জন করে বশেমুরকৃবি। মঙ্গলবার বিকেলে গাজীপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের (বশেমুরকৃবি) উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া বিষয়টি নিশ্চিত করেন।

জানা গেছে, বিশ্বের বিভিন্ন দেশের ৪১২৬টি বিশ্ববিদ্যালয় নিয়ে স্পেনের সিমাগো-ক্লোপাস জরীপে এ তথ্য উঠে এসেছে। জরীপে কৃষি ও জীববিজ্ঞান শাখায় বশেমুরকৃবি সারাবিশ্বে ৪৭২তম, এশিয়া অঞ্চলে ২০৬তম এবং বাংলাদেশে প্রথম স্থান লাভ করেছে। অন্যদিকে জীব রসায়ন, জেনেটিক্স ও মলিকুলার বায়োলজী শাখায় বশেমুরকৃবি ৫৪১তম, এশিয়া অঞ্চলে ২৪৭তম এবং বাংলাদেশে প্রথম স্থানে রয়েছে। এর আগে একই ইনডেক্স জরীপে বশেমুরকৃবি গত ২০১৯ এবং ২০২০ সালে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে যথাক্রমে চতুর্থ ও দ্বিতীয় স্থান লাভ করেছিলো।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম পরিচালনা, আন্তর্জাতিকমানের গবেষণা এবং এ স্বীকৃতি অর্জনের সাথে সংশ্লিষ্ট কার্যক্রমে নিরলস প্রচেষ্টার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. গিয়াসউদ্দীন মিয়া সকল শিক্ষক, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীকে অভিনন্দন জানান।

একই সাথে কৃষিবান্ধব সরকার বিশেষ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং অন্যান্য সকলের সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি আশা প্রকাশ করেন যে, বিশ্ববিদ্যালয়ের এ সাফল্য উত্তরোত্তর আরও বৃদ্ধি পাবে।

**বাংলাদেশ জার্নাল/একে/কেআই**

---

**সম্পাদক : শাহজাহান সরদার**

**প্রকাশক : আনোয়ার হোসেন খান**

যোগাযোগের ঠিকানা : রূপায়ন খান প্লাজা, লেভেল-৭, বাড়ি-৫০০/এ, সড়ক-৭,  
ধানমন্ডি, ঢাকা-১২০৫। ফোন : ০২-৯৬৬২১০৭, +৮৮ ০১৭০৫৪০৭০৮০ (নিউজ  
রুম) ই-মেইল: (নিউজ) [bdjournalnews@gmail.com](mailto:bdjournalnews@gmail.com),  
[bdjournaleducation@gmail.com](mailto:bdjournaleducation@gmail.com); (অফিস) [info@bd-journal.com](mailto:info@bd-journal.com).

© স্বত্ত্ব বাংলাদেশ জার্নাল ২০২১ |